

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা : বিইআরসি/জনসংযোগ/প্রশা:১১২/৩০৫৫


তারিখ : ২৭ আগস্ট ২০১৫

প্রেস রিলিজ

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড সঞ্চালন ট্যারিফ বৃদ্ধির জন্য ১৩ নভেম্বর ২০১৪ তারিখে কমিশনে আবেদন করে। অন্যদিকে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ১৩ নভেম্বর ২০১৪ তারিখে; তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ১৬ নভেম্বর ২০১৪ তারিখে; পশ্চাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড ১৭ নভেম্বর ২০১৪ তারিখে ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার ০১ জানুয়ারি ২০১৫ হতে গড়ে ৪০% বৃদ্ধির আবেদন করে।

কমিশন কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা নিরীক্ষান্তে ২, ৩, ৪ ও ৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে গণশুনানি গ্রহণ করে। শুনানি পরবর্তী stakeholder দের মতামত এবং গণশুনানিতে উঠে আসা প্রাসঙ্গিক বিষয়ে অতিরিক্ত তথ্য ও মতামত প্রাপ্তিতে এবং প্রাপ্ত মতামত ও তথ্য পর্যালোচনায় দীর্ঘ সময় প্রয়োজন হয়। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বিকাশে ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা বৃদ্ধি, অন্যদিকে গ্যাসের বর্তমান মজুদ দ্রুত কমে যাওয়ায় ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে সম্পদ হিসেবে গ্যাসের মূল্য এবং উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যয় নির্বাহের খরচ সমন্বয় করে এবং দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় এনে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন ভোক্তা পর্যায়ে শ্রেণিভিত্তিক অভিন্ন মূল্যহার পুনর্নির্ধারণ করেছে। এ মূল্যহার ভারিত গড়ে ২৬.২৯% বৃদ্ধি করা হয়েছে যা ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ হতে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে। মূল্য সংক্রান্ত গণবিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো।

কমিশনের আদেশক্রমে,



মোঃ হাবিবুর রহমান

সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং- বিইআরসি/ট্যারিফ/গ্যাস-১২/সঞ্চালন ও বিতরণ/৩০৫৬

তারিখ : ১২ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ


গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলোঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)
১।	বিদ্যুৎ	২.৮২ (অপরিবর্তিত)
২।	ক্যাপটিভ পাওয়ার	৮.৩৬
৩।	সার	২.৫৮ (অপরিবর্তিত)
৪।	শিল্প	৬.৭৪
৫।	চা বাগান	৬.৪৫
৬।	বাণিজ্যিক	১১.৩৬
৭।	সিএনজি	৩৫.০০
৮।	গৃহস্থালী	
	ক) মিটারভিত্তিক	৭.০০
	খ) এক বার্ণার (প্রতিমাসে নির্দিষ্ট)	৬০০.০০
	গ) দুই বার্ণার (প্রতিমাসে নির্দিষ্ট)	৬৫০.০০

- ২। সিএনজি গ্যাসের ৩৫.০০ টাকা মূল্যের মধ্যে ফিড গ্যাসের মূল্য ২৭.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা।
- ৩। এ মূল্যহার ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ হতে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে।
- ৪। গ্যাস সরবরাহের ক্ষেত্রে বিদ্যমান অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।
- ৫। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,



মোঃ হাবিবুর রহমান

সচিব

ফোন : ৯১৪০১২৫।